

উপজেলা পরিষদ কার্যালয়

কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।

সিটিজেন চার্টার (নাগরিক সেবা)

স্থানীয় সরকার বিভাগ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীনে গুরুত্বপূর্ণ একটি বিভাগ। উক্ত বিভাগের মিশন হলো স্থানীয় সরকার ব্যবস্থা শক্তিশালীকরণ এবং আর্থ-সামাজিক ও অবকাঠামোগত উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়নের মাধ্যমে জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন।

উপজেলা পরিষদ কার্যাবলী :

২য় তফসিল [ধারা ২৩ দৃষ্টব্য]

- ১। পাঁচসালা ও বিভিন্ন মেয়াদী উন্নয়ন পরিকল্পনা তৈরী করা।
- ২। পরিষদের নিকট হস্তান্তরিত বিভিন্ন সরকারী দপ্তরের কর্মসূচী বাস্তবায়ন এবং উক্ত দপ্তরের কাজকর্মসমূহের তত্ত্বাবধান ও সমন্বয় করা।
- ৩। আন্তঃ ইউনিয়ন সংযোগকারী রাস্তা নির্মাণ, মেরামত ও রক্ষণাবেক্ষণ করা।
- ৪। ভূ-উপরিষ্কার পানি সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার জন্য সরকারের নির্দেশনা অনুসারে উপজেলা পরিষদ ক্ষুদ্র সেচ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন।
- ৫। জনস্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা সেবা নিশ্চিতকরণ।
- ৬। স্যানিটেশন ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থার উন্নতি সাধন এবং সুপেয় পানীয় জলের সরবরাহ ব্যবস্থাকরণ।
- ৭। (ক) উপজেলা পর্যায়ে শিক্ষা প্রসারের জন্য উদ্বুদ্ধকরণ এবং সহায়তা প্রদান।
(খ) মাধ্যমিক শিক্ষা এবং মাদ্রাসা শিক্ষা কার্যক্রমের মান উন্নয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলির কার্যক্রম তদারকি ও উহাদিগকে সহায়তা প্রদান।
- ৮। কুটির ও ক্ষুদ্র শিল্প স্থাপন ও বিকাশের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ।
- ৯। সমবায় সমিতি ও বেসরকারী স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের কাজে সহায়তা প্রদান ও উহাদের কাজে সমন্বয় সাধন।
- ১০। মহিলা, শিশু, সমাজকল্যাণ এবং যুব,ক্রীড়া ও সাংস্কৃতি কার্যক্রমে সহায়তা প্রদান এবং বাস্তবায়ন করা।
- ১১। কৃষি, গবাদি পশু, মৎস্য এবং বনজসম্পদ উন্নয়নে কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন।
- ১২। উপজেলা আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন সহ পুলিশ বিভাগের কার্যক্রম আলোচনা এবং নিয়মিতভাবে উদ্ধৃতন কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন প্রেরণ।
- ১৩। আত্মকর্মসংস্থান সৃষ্টি এবং দাবিদ বিমোচনের জন্য নিজ উদ্যোগে কর্মসূচী গ্রহণ, বাস্তবায়ন এবং এতদসম্পর্কে সরকারী কর্মসূচী বাস্তবায়নে সরকারকে প্রয়োজনীয় সহায়তা প্রদান।
- ১৪। ইউনিয়ন পরিষদের উন্নয়নের কার্যক্রমে সমন্বয় সাধন ও পরীক্ষণ এবং প্রয়োজনীয় সহায়তা প্রদান।
- ১৫। নারী ও শিশু নির্যাতন ইত্যাদি অপরাধ সংঘটিত হওয়ার বিরুদ্ধে জনমত সৃষ্টি সহ অন্যান্য প্রতিরোধমূলক কার্যক্রম গ্রহণ।
- ১৬। সন্ত্রাস, চুরি, ডাকাতি, চোরাচালান, মাদকদ্রব্য ব্যবহার ইত্যাদি অপরাধ সংঘটিত হওয়ার বিরুদ্ধে জনমত সৃষ্টি সহ অন্যান্য প্রতিরোধমূলক কার্যক্রম গ্রহণ।
- ১৭। পরিবেশ সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে সামাজিক বনায়ন সহ অন্যান্য কার্যক্রম গ্রহণ।